# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৬৮]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সতর কতটুকু ঢাকতে হবে?

بَاب مَا يَسْتُرُ مِنْ الْعَوْرَةِ

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ نَهَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ بَيْعَتَيْنِ عَنْ اللِّمَاسِ وَالنِّبَاذِ وَأَنْ يَشْتَمِلَ الصَّمَّاءَ وَأَنْ يَحْتَبِيَ الرَّجُلُ فِي ثَوْبٍ وَاحِدٍ

বাংলা

২৩৭) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাললাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু'প্রকার ক্রয়-বিক্রয় হতে নিষেধ করেছেন। একটি হল মুলামাসাহ এবং অপরটি মুনাবাযাহ। তিনি আরো নিষেধ করেছেন ইশতেমালুস্ সাম্মা থেকে এবং (জাঙ্গিয়া না পরে) একটি মাত্র কাপড়ে সমস্ত শরীর জড়িয়ে হাটু তুলে নিতম্বের উপর ভর করে বসতেও মানা করেছেন।

টিকাঃ ক্রয়-বিক্রয়ের মধ্যে মুলামাসাহ্এর ধরণ হল দামাদামির সময় বিক্রেতা ক্রেতাকে বলবেঃ আমি তোমার কাছে জিনিষটি বিক্রি করব তোমার জিনিষটির বিনিময়ে। তবে কেউ কারো জিনিষ ভালভাবে দেখতে পারবেনা। অথবা এ রূপ নিয়মে ক্রয়-বিক্রয়ে ক্রেতা জিনিষটি স্পর্শ করলেই ক্রয় করতে হবে।

আর মুনাবাযাহ হল দামাদামির সময় না দেখেই ক্রেতা-বিক্রেতা পরস্পরের দিকে স্বীয় দ্রব্যটি নিক্ষেপ করলেই ক্রয়-বিক্রয় সমাপ্ত হয়ে যাবে। অথবা ক্রেতা-বিক্রেতা পরস্পরকে বলবে তোমার কাছে যা আছে তা আমার দিকে নিক্ষেপ কর আর আমার কাছে যা আছে তা তোমার দিকে নিক্ষেপ করব। এতেই বেচা-কেনা হয়ে যাবে।

উপরোক্ত দু'ধরণের ক্রয়-বিক্রয় নিষিদ্ধ হওয়ার কারণ এই যে তাতে প্রতারণা ও ঝগড়ার সম্ভাবনা রয়েছে।

## English

What may be used to cover the private parts of the body

Narrated Abu Huraira:

The Prophet (ﷺ) forbade two kinds of sales i.e. Al-Limais and An-Nibadh (the

former is a kind of sale in which the deal is completed if the buyer touches a thing, without seeing or checking it properly and the latter is a kind of a sale in which the deal is completed when the seller throws a thing towards the buyer giving him no opportunity to see, touch or check it) and (the Prophet (ﷺ) forbade) also Ishtimal-As- Samma' and Al-Ihtiba' in a single garment.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89535

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন